**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
প্রধান উপদেষ্টার কার্যালয়
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
বেপজা কমপ্লেক্স
বাড়ী নং-১৯/ডি, রোড নং-০৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.bepza.gov.bd

নম্বর: ০৩.০৬.২৬১৬.৩১০.০৪.০১২.১১-৪০

১৪ পৌষ ১৪৩২
তারিখ:---------------------
২৯ ডিসেম্বর ২০২৫

# প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষের ঢাকাস্থ বিভিন্ন আদালতে মামলা পরিচালনা করার জন্য ঢাকায় বসবাসকারী ০২ (দুই) জন আইনজীবীকে কর্তৃপক্ষের প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগের নিমিত্ত আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট হতে নিম্নলিখিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| পদের নাম | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | বয়স |
|---|---|---|---|
| প্যানেল আইনজীবী | সরকার কর্তৃক স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম এলএলবি ডিগ্রী। শিক্ষা জীবনে পরীক্ষায় কোনটিতে ৩য় বিভাগ বা শ্রেণী বা সমতুল্য সিজিপিএ গ্রহণযোগ্য না। | মহামান্য সুপ্রিমকোর্টের হাইকোর্ট ডিভিশন/আপিলেট ডিভিশনে মামলা পরিচালনার কাজে কমপক্ষে ১০ (দশ) বৎসরের এবং বিজ্ঞ জজ কোর্ট/সমমর্যাদাসম্পন্ন কোর্টের আইন পেশায় কমপক্ষে ১২ (বারো) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | আবেদনের শেষ তারিখে আবেদনকারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসরের মধ্যে হতে হবে। |

**শর্তাবলী:**

০১। প্রাথমিকভাবে নিয়োগের মেয়াদ ১ (এক) বছর হবে। তবে এক বছর সাফল্যের সাথে অর্পিত দায়িত্ব সমাপ্তির পর কর্তৃপক্ষ ও প্যানেল আইনজীবী উভয়ের সম্মতিক্রমে নিয়োগের মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে। নিয়োগ এর পর কোন কারণে নিয়োগের অবসান ঘটাতে হলে যে কোন পক্ষ ০১ (এক) মাসের অগ্রিম লিখিত নোটিশ প্রদান করে নিয়োগ বাতিল করতে পারবেন।

০২। কর্তৃপক্ষের প্রয়োজন অনুসারে নিয়োজিত প্যানেল আইনজীবীকে যে বিষয়ে দায়িত্ব প্রদান করা হবে সে বিষয়ে অভিজ্ঞতা/পারদর্শিতার আলোকে বিভিন্ন ধরনের মামলা যেমন ফৌজদারী, দেওয়ানী, অর্থ, ভূমি, চাকরি, শ্রম, ট্যাক্স, কোম্পানি এবং আরবিট্রেশন মামলাসমূহ কেইস-টু-কেইস ভিত্তিতে পরিচালনা/মামলা দায়ের করার দায়িত্ব প্রদান করা হবে। বেপজা এর স্বার্থ আছে এমন কোন মামলায় তিনি এই প্রতিষ্ঠানের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

০৩। নিয়োগকৃত প্যানেল আইনজীবী মামলা পরিচালনা বাবদ বেপজা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি শিডিউল থেকে সরকার নির্ধারিত সকল প্রকার ভ্যাট ও ট্যাক্স কর্তনপূর্বক বিল প্রদান করা হবে।

০৪। যে কোন আদালত বা বার কাউন্সিল কর্তৃক দণ্ডপ্রাপ্ত হলে আবেদন করার ক্ষেত্রে অযোগ্য বিবেচিত হবেন।

০৫। অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী চূড়ান্তভাবে নির্বাচিত প্যানেল আইনজীবীর নিয়োগপত্রে উল্লেখ করা হবে।

০৬। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি স্থগিত/বাতিল করতে পারবেন।

**আবেদনকারী-কে সাদা কাগজে বা নিজস্ব প্যাডে নিম্নবর্ণিত তথ্য ও চাহিদা পরিপালনপূর্বক আবেদন করতে হবে:**
**(ক্রমিক নং ৭ হতে ১২)**

০৭। (ক) নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ও বর্তমান/চেম্বারের ঠিকানা (ফোন নাম্বার ও ই-মেইল আইডিসহ), (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয় পরিচয়পত্র, (ছ) শিক্ষাগত যোগ্যতার পূর্ণ বিবরণ, (জ) মহামান্য আপিল বিভাগ/হাইকোর্ট বিভাগ ও বিজ্ঞ জেলা জজকোর্টে আইনজীবী হিসেবে তালিকাভুক্তির সনদ ও সংশ্লিষ্ট আইনজীবী সমিতির সদস্যভুক্তির তথ্য, (ঝ) অভিজ্ঞতা এবং (ঞ) অন্য কোন প্রতিষ্ঠানে আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে সে প্রতিষ্ঠানের নাম।

০৮। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি (রঙিন) ছবি, আবেদনপত্রে উল্লেখকৃত তথ্যের সপক্ষে সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের কপি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

০৯। আবেদনকারী-কে বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা), ঢাকা বরাবর ৫০০ (পাঁচশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১০। আগ্রহী আইনজীবীগণ-কে আগামী ৩১/০১/২০২৬ ইং তারিখের মধ্যে নির্বাহী পরিচালক (প্রশাসন), বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা), বেপজা কমপ্লেক্স, বাড়ী নম্বর-১৯/ডি, রোড নম্বর-০৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫ বরাবর ঠিকানায় আবেদন ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে।

১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও আবেদনের শেষ তারিখের পরে প্রাপ্ত আবেদনসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৯/১২/২০২৫

**মোঃ আবদুর রহমান মিঞা**
অতিরিক্ত নির্বাহী পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ

DG-1494/2025 (10x4)

# বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ

ঈশ্বরদী ইপিজেড
পাকশী, পাবনা।

BEPZA

# নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্রঃ ০৩.০৬.৭৬৩৯.৩৩৬.১১.২৬.২০২৬- ১৫৩৯ তারিখঃ ১৮ জানুয়ারি, ২০২৬।

বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা এর স্থায়ী পদের বিপরীতে নিম্নোক্ত পদসমূহে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নঃ | পদের নাম, বেতন গ্রেড ভাতাদি | বয়স (২৬-০২-২০২৬ পর্যন্ত) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| | **মাধ্যমিক শাখা :** | | |
| ০১. | **সহকারী শিক্ষক** (বাংলা -০৩ জন, আইসিটি-০১ জন, ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা-০১ জন)। গ্রেড-১১ ও অন্যান্য সুবিধাদি। পদ সংখ্যা : ০৫টি। | অনূর্ধ্ব ৩৫ বছর | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ মাস্টার্স ডিগ্রি বা ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। শিক্ষাগত যোগ্যতার সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে। |
| | **প্রাথমিক শাখা :** | | |
| ০২. | **সহকারী শিক্ষক** (ইংরেজি -০২জন, গণিত-০২ জন, সমাজ বিজ্ঞান-০১জন) গ্রেড-১৩ ও অন্যান্য সুবিধাদি। পদ সংখ্যা : ০৫টি। | অনূর্ধ্ব ৩৫ বছর | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রি। শিক্ষাগত যোগ্যতার সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে। |
| | **প্রাক-প্রাথমিক শাখা :** | | |
| ০৩. | **সহকারী শিক্ষক** গ্রেড-১৩ ও অন্যান্য সুবিধাদি পদ সংখ্যা : ০২টি। | অনূর্ধ্ব ৩৫ বছর | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রি। শিক্ষাগত যোগ্যতার সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে। |
| ০৪. | **অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর** গ্রেড-১৬ ও অন্যান্য সুবিধাদি পদ সংখ্যা : ০১টি। | অনূর্ধ্ব ৩৫ বছর | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে স্নাতক ডিগ্রি। শিক্ষাগত যোগ্যতার সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে। কম্পিউটার দক্ষতা (এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট)। টাইপিং স্পিড বাংলা সর্বনিম্ন ২৫ ওয়ার্ড এবং ইংরেজি সর্বনিম্ন ৩০ ওয়ার্ড। |
| ০৫. | **অফিস সহায়ক** গ্রেড-২০ ও অন্যান্য সুবিধাদি পদ সংখ্যা : ০১টি। | অনূর্ধ্ব ৩৫ বছর | এস.এস.সি পাশ। সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৬. | **আয়া** গ্রেড-২০ ও অন্যান্য সুবিধাদি পদ সংখ্যা : ০১টি। | অনূর্ধ্ব ৩৫ বছর | এস.এস.সি পাশ। সংশ্লিষ্ট কাজে সর্বনিম্ন ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা। |

**শর্তাবলীঃ**

ক) নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে দরখাস্ত আগামী ২৬-০২-২০২৬ তারিখের মধ্যে ডাকযোগে অধ্যক্ষ, বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা বরাবরে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। অত্র অফিসে সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। উল্লেখিত তারিখের পর প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। আবেদন ফর্মের নমুনা বেপজার ওয়েবসাইট: www.bepza.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

খ) আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যাতার সনদপত্রের ফটোকপি ও অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে), প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, নাগরিকত্ব সনদপত্র, সদ্য তোলা ০৩কপি পাসপোর্ট সাইজের ছবি এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে। খামের উপর আবেদনকৃত পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।

গ) চাকরিতে নিয়োগ লাভের ক্ষেত্রে কোটার বিষয়ে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে।

ঘ) বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথীলযোগ্য। বিভাগীয় প্রার্থীর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

ঙ) প্রার্থীকে লিখিত, ডেমোনেস্ট্রেশন/ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান পত্রের মাধ্যমে/ক্ষুদে বার্তার মাধ্যমে জানানো হবে।

চ) প্রার্থীকে লিখিত, ডেমোনেস্ট্রেশন/ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ছ) আবেদনপত্রের সাথে যেকোন তফসিলি ব্যাংক হতে **বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা** এর অনুকূলে ক্রমিক নং-০১ পদের জন্য ৫০০/- (পাঁচশত), ক্রমিক নং-০২ হতে ০৪ পদের জন্য ৪০০/- (চারশত) ও ক্রমিক নং- ০৫ ও ০৬ পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

জ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৮.০১.২০২৬

অলোক কুমার অধিকারী
অধ্যক্ষ
বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ
ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা
ফোনঃ ০২৫৮৮৮৪৭৮১১
ই-মেইলঃ alokadhikary.bepza@gmail.com

ক-৪৪ (১০×৪)